

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস অধিদপ্তর
শিল্প মন্ত্রণালয়
৯১, মতিঝিল বা/এ, ঢাকা- ১০০০।

স্মারক নং: ৩৬.০৮.০০০০.০০১.৯৯.২১৩.২৩/২০২৫

তারিখ: ২৫/০৩/২০২৫ খ্রিঃ

বিষয়ঃ বিশ্ব মেধাসম্পদ দিবস ২০২৫ উদযাপন উপলক্ষ্যে প্রকাশিতব্য স্যুভেনিরের জন্য লেখা আহবান।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিশ্ব মেধাসম্পদ সংস্থা World Intellectual Property Organization (WIPO) এর সদস্যভুক্ত অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশেও প্রতি বছর ২৬ শে এপ্রিল “বিশ্ব মেধাসম্পদ দিবস” উদযাপন করা হয়। এই বছর দিবসটির প্রতিপাদ্য হল “IP and music: Feel the beat of IP”।

প্রতিপাদ্য বিষয়ের সাথে সামঞ্জস্য রেখে পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস অধিদপ্তর প্রতি বছর একটি স্যুভেনির প্রকাশ করে থাকে। উক্ত স্যুভেনিরে মেধাসম্পদ বিষয়ক গবেষণা, প্রবন্ধ/ রচনা প্রকাশ করা হয়।

এমতাবস্থায়, “বিশ্ব মেধাসম্পদ দিবস ২০২৫” উপলক্ষ্যে প্রকাশিতব্য স্যুভেনিরের জন্য অনধিক ১৫০০ (এক হাজার পাঁচশত) শব্দের মধ্যে লেখা আহবান করা হচ্ছে। আগামী ১০/০৪/২০২৫ তারিখের মধ্যে উক্ত লেখার হার্ডকপি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে এবং সফট কপি (এমএসওয়ার্ড (Nikosh Front) এবং পিডিএফ উভয় ফরম্যাট-এ) jillur.nbr@gmail.com এ ই-মেইলযোগে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।



(মোঃ জিল্লুর রহমান)
পরিচালক (ট্রেডমার্কস)

ও

আহবায়ক

স্যুভেনির প্রকাশ উপকমিটি
বিশ্ব মেধাসম্পদ দিবস-২০২৫ উদযাপন
ফোন: ০২২২৩৩৫৭৮০২
ইমেইল: jillur.nbr@gmail.com

প্রাপক,

.....
.....
.....